# লিঙ্গ আছে এমন সঙ্গীদের জন্য মেট্রোনিডাজল এবং ক্লিন্ডামাইসিন ব্যবহারের নির্দেশাবলী

NYC Health

## বিষয়

ব্যাকটেরিয়াল ভ্যাজাইনোসিস (BV) সংক্রমিত ব্যাক্তির সঙ্গীর চিকিৎসার মাধ্যমে BV সেরে ওঠার সম্ভাবনা বাড়ায় এবং বারবার সংক্রমণ হওয়ার ঝুঁকি কমায় বলে দেখা গেছে।

BV সংক্রমিত ব্যাক্তির সঙ্গীর চিকিৎসায় থাকে নিম্নলিখিত সংমিশ্রনের সমন্বয়:

- **খাবার বড়ি** – মেট্রোনিডাজল নামক একটি খাবার অ্যান্টিবায়োটিক বড়ি এবং
- **ক্রীম** – ক্লিন্ডামাইসিন নামক একটি অ্যান্টিবায়োটিক ক্রিম

খাবার বড়িগুলি মূত্রনালী (যে নল দিয়ে প্রস্রাব নির্গত হয়)-র মাধ্যমে BV-ব্যাকটেরিয়া দূর করে এবং ক্রিমটি লিঙ্গের ত্বক থেকে BV-ব্যাকটেরিয়া দূর করে।


## খাবার বড়ি সেবনের নির্দেশাবলী



7 দিন পর্যন্ত প্রতিদিন সকালে একটি এবং রাতে একটি করে বড়ি খান। বড়িগুলি খাবারের সাথে খেতে হবে।

## ক্রিম ব্যবহারের নির্দেশাবলী

7 দিন পর্যন্ত প্রতিদিন সকালে এবং রাতে ক্রিমটি লাগাবেন। আপনি যদি স্নান করার পরিকল্পনা করেন, তাহলে অনুগ্রহ করে স্নানের পরেই ক্রিমটি লাগাবেন, কারণ জলে ক্রিমটি ধুয়ে যাবে। **ধাপ 1-5 অনুসরণ করুন।**




ছবি অনুযায়ী, আপনার আঙুলের ডগা থেকে প্রথম ভাঁজ পর্যন্ত ক্রিম বের করে একটি রেখার মতো তৈরি করুন।





আপনার যদি লিঙ্গের অগ্রভাগের চামড়া (foreskin) থাকে, তাহলে ক্রিম লাগানোর আগে সেটি পেছনে টেনে সরিয়ে নিন।




ক্রিমটি লিঙ্গের মাথার চামড়ার উপরে ঘষে লাগান, যাতে লিঙ্গের অগ্রভাগ থেকে মাথার ঠিক নীচের খাঁজ পর্যন্ত পুরো মাথাটি ঢেকে যায়।


মেলবোর্ন যৌন স্বাস্থ্য কেন্দ্রের (Melbourne Sexual Health Centre) অনুমতিক্রমে গৃহীত।

**4.**



আপনার তর্জনীর ডগা থেকে প্রথম ভাঁজ পর্যন্ত দ্বিতীয়বার একটি রেখার মতো ক্রিম বের করুন।

**5.**



এই দ্বিতীয়বার নেওয়া ক্রিমটি লিঙ্গের মাথার নীচের খাঁজ থেকে গোড়া পর্যন্ত ঘষে লাগান, নিশ্চিত করুন যেন পুরো লিঙ্গদণ্ডটি ঢেকে যায়। আলতো করে ঘষে ক্রিমটি ত্বকের সাথে মিশিয়ে দিন।

ভিডিও নির্দেশাবলী

আরও তথ্য

## নিরাপত্তা সংক্রান্ত তথ্য

মেট্রোনিডাজল এবং ক্লিন্ডামাইসিন উভয়ই বহু বছর ধরে, যোনি রয়েছে এমন ব্যক্তিদের BV চিকিৎসায় ব্যবহার করা হচ্ছে। এই দুটি অ্যান্টিবায়োটিকই, পুরুষাঙ্গ থাকা ব্যক্তিদের জন্য নিরাপদ এবং এর কোনো গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া নেই।

মেট্রোনিডাজল সেবন করা কেউ কেউ নিম্নলিখিত পার্শ্বপ্রতিক্রিয়াগুলি অনুভব করতে পারেন:

- হালকা মাথাব্যথা
- বমি ভাব
- মুখে ধাতব স্বাদ

যে 7 দিন আপনি **মেট্রোনিডাজল** সেবন করবেন, সেই সময়ে **একেবারেই অ্যালকোহল পান না করা** অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এটি ওষুধের সাথে প্রতিক্রিয়া ঘটাতে পারে।

অল্প সংখ্যক মানুষের ক্ষেত্রে **ক্লিন্ডামাইসিন ক্রিম** ব্যবহারের কারণে পুরুষাঙ্গের ত্বকে হালকা লালচে ভাব বা জ্বালা অনুভব করতে পারেন। এর জন্য সাধারণত ক্রিম ব্যবহার বন্ধ করার প্রয়োজন হয় না।

অ্যান্টিবায়োটিকগুলো নেওয়ার সময় যদি এমন কোনো উপসর্গ দেখা দেয় যা নিয়ে আপনি উদ্বিগ্ন হন, তাহলে অনুগ্রহ করে আপনার ডাক্তারের সাথে কথা বলুন।

## গুরুত্বপূর্ণ

- **এই 7 দিন ক্রিম বা ট্যাবলেটের কোনো ডোজই যেন বাদ না যায়**, এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কোনো একটি ডোজ নিতে ভুলে গেলে, ওষুধ শেষ না হওয়া পর্যন্ত দিনে দুবার করে অ্যান্টিবায়োটিক নেওয়া চালিয়ে যান।
- সম্ভব হলে, আপনার সঙ্গী যে তারিখে তার ওষুধ নিচ্ছেন, সেই একই তারিখে আপনিও ওষুধ নিন।
- অনুগ্রহ করে, উভয় সঙ্গীর চিকিৎসা সম্পূর্ণ না হওয়া পর্যন্ত **সব ধরনের যৌন সংসর্গ এড়িয়ে চলুন**, যাতে সঙ্গীদের মধ্যে ব্যাকটেরিয়ার আদান-প্রদান না হয় এবং BV পুনরায় ফিরে না আসে। সঙ্গীর চিকিৎসায় অ্যান্টিবায়োটিক ব্যবহারের ক্ষেত্রে এটি একটি সাধারণ প্রচলিত নিয়ম। যদি আপনারা পুরুষাঙ্গ-যোনি সঙ্গম করেন, তাহলে অনুগ্রহ করে কনডম ব্যবহার করুন এবং মনে রাখবেন যে, সদ্য লাগানো এই ক্রিম ল্যাটেক্স কনডমকে দুর্বল করে দিতে পারে।

MSHC
MELBOURNE SEXUAL HEALTH CENTRE
Part of AlfredHealth

NYC Health